

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

২০০৯-২০১০ অর্থ বৎসরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও প্রণয়ন সংক্রান্ত সংশোধিত নির্দেশিকা।

- ১। কলেজ, আলিম ও ফাজিল মাদ্রাসার ক্ষেত্রে সভাপতির মাধ্যমে; নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে ০৪ ফেব্রুয়ারি ২০১০ তারিখে জারীকৃত শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত ছক (পরিশিষ্ট-৬, ৮, ৯) মোতাবেক আবেদনপত্র আগামী ২০/০৬/২০১০ তারিখের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পৌছাতে হবে। উল্লেখ্য যে, শুক্রবার ও শনিবার আবেদনপত্র গ্রহণ করা হবে।
- ২। ০৪/০২/২০১০ তারিখে জারীকৃত নির্দেশিকার পরিশিষ্ট-৬, ৮, ৯-এর তথ্য ছক ও তালিকা মোতাবেক সকল কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এমপিওভুক্তির আদেশের কপি জমা দিতে হবে।
- ৪। ১৫০/- টাকার নন জুডিশিয়াল স্টাম্প প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত অঙ্গীকারনামার মূল কপি জমা দিতে হবে (অঙ্গীকার নামার নমুনা নিম্নে দ্রষ্টব্য)।
- ৫। প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বিবরণী ও পৃথক পৃথক ব্যাংক হিসাব নম্বর, কলেজ, আলিম ও ফাজিল মাদ্রাসার ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান ও গভর্নিং বডির সভাপতি; নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসার ক্ষেত্রে সভাপতি ও জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরসহ জমা দিতে হবে।
- ৬। স্কুল এন্ড কলেজ-এর ক্ষেত্রে স্কুল শাখার শিক্ষক কর্মচারীদের সর্বশেষ এমপিও কপি ও শিক্ষক-কর্মচারীদের পূর্ণ বিবরণী জমা দিতে হবে।
- ৭। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ০৪/০২/২০১০ তারিখের নির্দেশিকা মোতাবেক জনবল কাঠামো অনুসরণ করতে হবে।
- ৮। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তির পূর্ণ পৃষ্ঠার সত্যায়িত কপি জমা দিতে হবে।
- ৯। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে টেবুলেশন সীটে সভাপতি, ডিজির প্রতিনিধি ও প্রতিষ্ঠান প্রধানের সীলমোহরসহ স্বাক্ষর থাকতে হবে।
- ১০। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটিতে বিধি মোতাবেক সরকারি প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে (কলেজ, আলিম ও ফাজিল মাদ্রাসার জন্য প্রযোজ্য)।
- ১১। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশ গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদনের রেজুলেশন কপি জমা দিতে হবে।
- ১২। বি.এস.সি (গণিত), জীববিদ্যা/ কৃষি শিক্ষক ও প্রদর্শক নিয়োগের ক্ষেত্রে স্নাতক পাশের নম্বরপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অন্য কোন বি.এস.সি শিক্ষক কর্মরত থাকলে (এমপিওভুক্ত) তার ডিগ্রি পর্যায়ে নম্বরপত্র জমা দিতে হবে।
- ১৩। হিন্দু ধর্মীয় শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে প্রতিষ্ঠানের মোট শিক্ষার্থীর বিবরণ জেলা শিক্ষা অফিসারের প্রতিবেদনসহ পেশ করতে হবে।
- ১৪। কম্পিউটার শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে নির্ধারিত শিক্ষা বোর্ড কর্তৃক কম্পিউটার বিষয়ের অনুমোদন পত্রসহ নট্রামস্ বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ থেকে কম্পিউটার বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ সনদ থাকতে হবে।
- ১৫। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে সকল কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি/ রেজুলেশন/শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।

অঙ্গীকার পত্র (নমুনা)

আমরা এই মর্মে প্রত্যয়ন করছি যে, আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত দাখিলকৃত যে সকল কাগজপত্র / তথ্য দেওয়া আছে তা সঠিক ও সত্য। এই তথ্য সমূহের মধ্যে কোনটি অসত্য প্রমাণে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীদের অনুদান সরকার বন্ধ করলে আমরা কোন আপত্তি উত্থাপন করতে পারব না। সেরূপ কোন আপত্তি থাকলে তা আইনত অগ্রাহ্য হবে।

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল (নামসহ)

স্বাক্ষর ও সীল  
সভাপতি, গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটি